



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৫০৪৫১/নীলফামারী-৫৮/

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে**

সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৫০৪৫১/১১৬৬/নথি নং-৫৮; তারিখ: ০২.০৭.২০২০খ্রি:  
২) স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫,০০১.০৫.০০১.২০.১০৪৮; তারিখ: ০৮ অক্টোবর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন দলিরাম ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে অবৈধভাবে গোপনে প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যদের নাম বাদ দিয়ে কমিটি গঠনের বিষয়ে অধ্যাপক মোস্তাফিজুর রহমান অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারীকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অধ্যাপক মোঃ মোস্তাফিজুর রহমান, দলিরাম ইসলামিয়া দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে সত্যতা পাওয়া যায়। তাঁকে তফসিল সংক্রান্ত নোটিশ দেয়ার প্রয়োজন ছিল। যদিও সুপার ডাক বহির মাধ্যমে নোটিশ প্রদান করেছেন বলে দাবি করেছেন তাতে দেখা যায় উক্ত মাদ্রাসার পিওন ২৪/০৮/২০১৯ খ্রিঃ নোটিশ নিয়ে প্রতিষ্ঠাতা সদস্যের বাড়ী যান এবং অনেক খোজাখুজির পর প্রতিষ্ঠাতাকে না পেয়ে মাদ্রাসায় চলে আসেন বলে ডাক বহিতে তা লিখে স্বাক্ষর করেন। পিওন নোটিশ নিয়ে প্রতিষ্ঠাতার বাড়ী গিয়েছিলেন তার কোন প্রমাণ নেই অর্থাৎ পিওন ডাক বহিতে প্রতিষ্ঠাতার বাড়ীর কারও স্বাক্ষর বা নোটিশ পাইলাম লিখে স্বাক্ষর করে নেন নাই। সুপার, প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য বাদ দিয়ে কমিটির অন্যান্য সদস্যের নাম বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগ প্রমানিত হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে নং বামাশিবো/প্রশা/২২৪১৯১২৫০৪৫১/২২১৬০/নথি নং - ৫৮; তারিখ: ২৪-১০-২০১৯ খ্রি: স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ১৫ (পনের) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ..... (.....) পাতা।

০৪.১২.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

প্রাপক: ১) সভাপতি/সদস্যবৃন্দ, দলিরাম ইসলামিয়া দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারী;  
২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, দলিরাম ইসলামিয়া দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারী;

০৪/১২/২০

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৫০৪৫১/নীলফামারী-৫৮/

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নীলফামারী;
২. জেলা শিক্ষা অফিসার, নীলফামারী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী;
৪. অধ্যাপক মোস্তাফিজুর রহমান (প্রতিষ্ঠাতা), ঠিকানা- ৩৯/২ বর্ধনবাড়ী, দারুস্পালাম, মিরপুর, ঢাকা;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

০৪/১২/২০

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

০৪/১২/২০